# U.G. 5th Semester Examination - 2020

## BENGALI

**Course Code: BBNGDSHT2 [DSE2]**

**Course Title: বাংলা সাহিত্যের ইতিহাসে সমাজ, ধর্ম ও সংস্কৃতি**

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) বৌদ্ধ ধর্মে 'ত্রিরত্ন' বলতে কী বোঝানো হয়?

খ) শূন্যপুরাণের আর এক নাম 'হাকন্দপুরাণ' কেন?

গ) 'নিরঞ্জনের রুষ্মা' কোন্ গ্রন্থের অংশ?

ঘ) চৈনিক পরিব্রাজক হিউ-এন-সাঙ্ কোন্ শতাব্দীতে ভারতে এসেছিলেন?

ঙ) 'জাতি, সংস্কৃতি ও সাহিত্য' প্রবন্ধে সুনীতিকুমার চট্টোপাধ্যায় লিখেছেন, ''....... এই তিন জাতির মিলনে বাঙালী জাতির সৃষ্টি হইল।'' — কোন্ কোন্ তিন জাতি?

চ) বঙ্গদেশে আর্যীকরণ হয়েছিল কোন্ সময়কালে?

ছ) বাঙ্গলার নৌ-শিল্প বিস্তার লাভ করেছিল এমন দু'টি স্থানের নাম লেখো।

[পরের পাতায়]

জ) 'টেরাকোটা' বলতে কোন্ শ্রেণির শিল্পকলাকে বোঝায়?

ঝ) ফোর্ট উইলিয়াম কলেজে শিক্ষকতা করার সময় বিদ্যাসাগর কোন্ বইটি লিখেছিলেন?

ঞ) কলকাতার একাডেমিক এসোসিয়েশনের প্রতিষ্ঠাতা তথা সভাপতি কে ছিলেন?

ট) কোন্ বছরে রামমোহনের ''ব্রাহ্মসমাজ'' প্রতিষ্ঠিত হয়?

ঠ) ''ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়'' বইটি কার লেখা?

ড) 'সমাচার সভা রাজেন্দ্র' পত্রিকার প্রকাশক কে ছিলেন?

ঢ) 'গুলে বকাওলী' গ্রন্থের রচয়িতা কে?

ণ) ত্রিপুরার জমিদার ফয়েজুন্নেসা চৌধুরীর সুবৃহৎ গদ্য - পদ্য মিশ্রিত গ্রন্থটির নাম কী?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'গোরক্ষবিজয়' বা 'মীনচেতন' কাব্যের ভণিতায় প্রাপ্ত চারজন কবি কে কে?

খ) ডাক ও খনার বচনের প্রভেদ বুঝিয়ে দাও।

গ) নাভাজী দাস ও মালিক মুহম্মদ জায়সীর কোন্ দু'টি বই সপ্তদশ শতাব্দীতে বাংলায় অনূদিত হয়েছিল?

ঘ) ''এই বৈতসী বৃত্তির মধ্যেই তাহার জীবনীশক্তি অটুট রহিল।'' — 'বৈতসী বৃত্তি' কথাটির অর্থ কী?

ঙ) 'ইয়ং বেঙ্গল যুগ' বলতে কোন্ সময়কে বোঝানো হয়?

চ) সংবাদ প্রভাকরের পূর্বে ঈশ্বর গুপ্ত আরও দু'টি পত্রিকা সম্পাদনা করেছিলেন। এগুলির নাম লেখো।

ছ) গাজী কালু ও চম্পাবতী কার লেখা? এখানে মুসলমান পীর গাজি আর হিন্দু দেবদেবীদের মধ্যে কী সম্পর্ক দেখানো হয়েছে?

জ) 'মধ্যযুগের অনুবৃত্তি' - কী কী ভাবে বিভক্ত?

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) পাঠ্য প্রবন্ধ অবলম্বনে ''ঠাকুরদাদার ঝুলি'' সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখো।

খ) সংস্কৃত কলেজের অধ্যক্ষ হবার পরে সেখানে শিক্ষা-সংস্কারে বিদ্যাসাগর কী কী পদক্ষেপ গ্রহণ করেছিলেন?

গ) বাঙালি মুসলমান পরিচালিত পত্র-পত্রিকার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) ''মুসলিম মানস ও বাংলাসাহিত্য'' অবলম্বনে বাউল স্রষ্টা পাগলা কানাইয়ের পরিচয় দাও।

খ) ''বাঙ্গালীর সংস্কৃতির অনেকটা মহাপুরষ চৈতন্যদেবকেই আশ্রয় করিয়া পুষ্টিলাভ করে।'' — এই সংস্কৃতির পরিচয় দাও।

গ) ''তিনি শিক্ষক হইয়াই জন্মিয়াছিলেন'' — রামতনু লাহিড়ী সম্বন্ধে এই বক্তব্যটির তাৎপর্য নিরূপণ করো।

———